

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

(শিল্প মন্ত্রণালয়)

শিল্প ভবন, এনেক্স বিল্ডিং

৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০

www.boiler.gov.bd

বয়লার ব্যবহারকারীদের জন্য বয়লার আইন, ১৯২৩ অনুযায়ী নির্দেশনাসমূহ :

- (১) বয়লার আইন, ১৯২৩ অনুযায়ী ২২.৭৬ লিটারের অধিক পানি ধারণ ক্ষমতা বিশিষ্ট কোন আবদ্ধ পাত্রে চাপের মাধ্যমে বাস্প উৎপাদন করলে তা বয়লার হিসেবে গণ্য হবে যা প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে নিবন্ধন করতে হবে। (ধারা-২.খ)
- (২) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের নিবন্ধন ব্যতীত কোন বয়লার ব্যবহার করা যাবে না। (ধারা-৬)
- (৩) বয়লার নিবন্ধন নম্বর প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বয়লারের গায়ে নির্ধারিত পদ্ধতিতে স্থায়ীভাবে অঙ্কিত করতে হবে। (ধারা-৭.৬)
- (৪) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ চাপমাত্রার অধিক চাপে বয়লার ব্যবহার করা যাবে না। (ধারা-৭.৫)
- (৫) বয়লারের নিবন্ধনপত্র অনুমোদিত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বেই নবায়ন করতে হবে। (ধারা-৮)
- (৬) বয়লার উপযুক্ত সনদপত্রধারী ব্যক্তি (বয়লার পরিচারক) এর কর্তৃতাধীন পরিচালিত হবে। (ধারা-৬.ঙ)
- (৭) কোন বয়লার বা বাস্পনলের কাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে হলে প্রধান বয়লার পরিদর্শকের অনুমোদন নিতে হবে। (ধারা-১২)
- (৮) কোন বয়লার পরিদর্শক যে এলাকার জন্য নিয়োগপ্রাপ্ত সেই এলাকার মধ্যে কোন স্থানে বয়লার ব্যবহার করা হচ্ছে মর্মে বিশ্বাস করলে যুক্তিযুক্ত যে কোন সময়ে উক্ত স্থানে/ ভবনে প্রবেশ করতে পারবেন। (ধারা-১৭)
- (৯) বয়লার ব্যবহারকারীকে বয়লার সনদপত্র অথবা সাময়িক আদেশ (হালনাগাদ) চাহিবামাত্র বয়লার পরিদর্শক অথবা প্রধান বয়লার পরিদর্শক অথবা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট উপস্থাপন করতে হবে। (ধারা-১৫)
- (১০) উপরোক্ত নির্দেশনাসমূহ অমান্য করা শাস্তিযোগ্য অপরাধ। (ধারা-২২, ২৩, ২৪, ২৫)

বিন্দুঃ বিস্তারিত তথ্যের জন্য বয়লার আইন, ১৯২৩ অনুসরণীয়। বয়লার আইন, ১৯২৩ অত্র দণ্ডের ওয়েব সাইটের ডাউনলোড সেকশন-এ দেয়া আছে।